বেভারিজ নিউজ-বাংলাদেশ

জুলাই থেকে সেপ্টেম্বর ২০১৭, সংখ্যা-৩৩

Sir William Beveridge Foundation

Beveridge News-Bangladesh

July to September 2017, Edition-33

পিকেএসএফ এবং স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের মধ্যে ২য় ও ৩য় ব্যাচ প্রশিক্ষণের সমঝোতা স্বাক্ষর

গত ৩১/০৭/২০১৭ইং তারিখে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান ও পিকেএসএফ এর মধ্যে ২য় ও ৩য় ব্যাচ সিসিএ প্রশিক্ষণের এক সমঝোতা চুক্তি স্বাক্ষর সম্পাদিত হয়েছে। স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান ২০০৮ সাল থেকে বাংলাদেশে প্রবীণ জনগোষ্ঠীর ব্যক্তিগত সেবা, স্বাস্থ্যসেবা নিয়ে কাজ করছে। বাংলাদেশে বর্তমানে ষাটোর্ধ্ব প্রবীণ লোকের সংখ্যা প্রায় এক কোটি ত্রিশ লক্ষ, গড় আয়ু বৃদ্ধির কারণে এ সংখ্যা আগামীতে দ্রুত বৃদ্ধি পাবে। কিন্তু চাহিদার তুলনায় আমাদের দেশে দক্ষ শুশ্রূষাকারী কেয়ার গিভার্স ও পরিষেবক সহকারী (Nursing Assistant) ক্যাটাগরির জনবলের সঙ্কট রয়েছে। দেশে এ পেশায় প্রশিক্ষিত জনবলের যথেষ্ট চাহিদা সৃষ্টি হচ্ছে, যা বাংলাদেশের নিম্ন আয়ের পরিবারের স্বল্প শিক্ষিত তরুণ/তরুণীদের জন্য উল্লেখযোগ্য সংখ্যক কর্মসংস্থান তৈরি করতে পারে। এ প্রেক্ষিতে, উভয় পক্ষ একমত হয়ে প্রতিরূপায়ন মডেল তৈরির লক্ষ্যে প্রথম পর্যায়ে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান কর্তৃক প্রতি ব্যাচে ১৫ জন করে ২ ব্যাচে সর্বমোট ৩০ জন শুশ্রূষাকারী কেয়ার গিভার্স সহকারী (Nursing Assistant) প্রশিক্ষণের বিষয়ে সম্মত হয়। উক্ত চুক্তিপত্রে ফাউন্ডেশানের পক্ষে কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস (অবঃ) ও পিকেএসএফ এর পক্ষে ড. মোঃ জসিম উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) স্বাক্ষর করেন। এ সময় উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ।

MOU Signd with PKSF on Caregivers' Training

An MOU was signed between PKSF and the Foundation on July 31, 2017 for training of 2nd & 3rd batch of CCAs. Demand for care givers for the elderly is on the rise. Thus two such batches each having 15 (fifteen) CCAs will be recruited and trained by the Foundation.The Country Director signed on behalf of the Foundation where as Dr. Md. Jashim Uddin, DMD, signed for PKSF.

বিনামূল্যে ফিজিওথেরাপী হেল্‌থ ক্যাম্প-ইস্টার্ন টাওয়ার, বাংলা মটর, ঢাকা

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের উদ্যোগে গত ১৮ আগস্ট ২০১৭ তারিখে *"ইস্টার্ন টাওয়ার"* বাসিন্দাদের জন্য ইস্টার্ন টাওয়ার ফ্ল্যাট মালিক সমিতির অডিটোরিয়ামে বিনামূল্যে-ফিজিওথেরাপী হেলথ্ ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত হেলথ্ ক্যাম্পে রোগীদের বিনামূল্যে নানাবিধ শারিরীক সমস্যার কথা শোনা হয় এবং সেই অনুযায়ী চিকিৎসা প্রদান করা হয়। যেমন-কোমর ব্যথা, কাঁধ ব্যথা, হাটু ব্যথা, ব্লাড সুগার, ব্লাড প্রেসার এবং চিকুনগুনিয়া জ্বর এর ব্যথা ইত্যাদি। এছাড়াও ফিজিওথেরাপী সেবা সম্পর্কে পরামর্শ ও এই ধরনের রোগব্যাধির যথাযথ সেবা সম্পর্কে ধারণা দেওয়া হয়।

Free Physiotherapy Health Camp at Eastern Tower

The Foundation organised a Free Physiotherapy Camp for the inhabitants of the neighbouring *"Eastern Tower"* on August 18, 2017.They were briefed on various aspects of physiotherapy, and a few patients were rendered good number of sessions of treatment. The inhabitants were greatly impressed and thanked the Foundation for this initiative.

Working for a better society

পিকেএসএফ এর সহায়তায় ফাউন্ডেশান কর্তৃক ২য় ব্যাচে বিশেষ প্রশিক্ষণের আয়োজন

ফাউন্ডেশান কর্তৃক প্রদত্ত হোম কেয়ার সার্ভিসে নতুন মাত্রা সংযোজন করার লক্ষে কেয়ার গিভার্স এন্ড হেল্থ কেয়ার এসিসটেন্টস হিসাবে ১৫ (পনের) জন নতুন নিয়োগ প্রাপ্ত স্টাফদের গড়ে তুলতে এক বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়। গত ১৭ আগস্ট ২০১৭ তারিখে দুই সপ্তাহ ব্যাপী এই প্রশিক্ষণের উদ্বোধন করেছেন পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) ড. মোঃ জসিম উদ্দিন । তিনি আগত কেয়ার গিভার্স এন্ড হেল্থ কেয়ার এসিসটেন্টসদের উদ্দ্যেশে কিছু প্রেরণাদায়ক বক্তব্য প্রদান করেন। এ সময় স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের কান্ট্রি ডিরেক্টর ও কোর এবং কেয়ার স্টাফগণ উপস্থিত ছিলেন।

MOU Signed with PKSF for Caregivers' Training

Following the MOU signed between PKSF and the Foundation, on August 17, 2017, a 2-week long training programme was inaugurated by Dr. Md. Jashim Uddin, DMD, PKSF. In welcoming the trainees, he emphasised on some important qualities to be cultured and practiced by them. Some Core and Care staffs were present during the inaugural session.

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট এর শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের ফাউন্ডেশান ভিজিট

গত ৩ আগস্ট ২০১৭ইং তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট পরিচালিত জেরোন্টোলজি ও জেরিয়াট্রিক ওয়েলফেয়ার শীর্ষক বার্ধক্য বিষয়ক মাস্টার্স প্রোগ্রাম এর শিক্ষক ও ছাত্র/ছাত্রী তাঁদের বাস্তব জ্ঞান অর্জনের লক্ষ্যে সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন। সেখানে ফাউন্ডেশানের পক্ষ থেকে কান্ট্রি ডিরেক্টর তার বক্তব্যে প্রবীণদের নিয়ে কাজ করার অভিজ্ঞতা তুলে ধরেন। এমনকি ফাউন্ডেশান কীভাবে এই বৃদ্ধ জনগোষ্ঠীর পাশে সহায়ক ভূমিকা রাখছে সেই অভিজ্ঞতা ব্যক্ত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে জেরোন্টোলজি ও জেরিয়াট্রিক ওয়েলফেয়ার শীর্ষক বার্ধক্য বিষয়ক মাস্টার্স প্রোগ্রাম এর শিক্ষিকা মিসেস অনুরাধা বর্ধন প্রবীণদের সেবা প্রদানে ফাউন্ডেশানের কাজের প্রশংসা করেন। পরিশেষে কীভাবে স্যার উলিয়াম বেভারিজ ফাউন্ডেশান মাঠ পর্যায়ে কাজ করে তাঁর উপর কয়েকটি প্রমাণ্যচিত্র দেখানো হয়।

Visit by Students of ISWR, Dhaka University

A team of teachers and students from Dhaka University Institute of Social Welfare and Research led by Mrs. Anuradha Bardhan paid a visit to the Foundation on August 3, 2017. Students were from Master's programme who wanted to reinforce their theoretical knowledge by being exposed to the services rendered for the elderly by SWBF. A few short films on our activities were shown in addition to the experiences shared by the Country Director.

ফাউন্ডেশানের উপদেষ্টা একেএম মজিবুর রহমান স্বপনের মৃত্যুতে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের শোক

ফাউন্ডেশানের উপদেষ্টা ও অগ্রণী ব্যাংকের সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) একেএম মজিবুর রহমান স্বপন গত ৭ আগস্ট ২০১৭ ইং তারিখে মৃত্যু বরণ করেছেন। তিনি শুধু একজন ব্যাংকিং জগতের স্বনামধন্য ব্যক্তিত্ব ছিলেন না, সমাজের বিভিন্ন সেবামূলক কাজের সঙ্গে জড়িত ছিলেন। তিনি স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের সূচনালগ্ন থেকে উপদেষ্টা হিসাবে ছিলেন। তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত এবং তাঁর বিদেহী আত্মার শান্তি ও মঙ্গল কামনা করছি।

A K M Mujibur Rahman, Advisor to SWBF passed away

AKM Mujibur Rahman, ex DMD of Agrani Bank Ltd. passed away on August 7, 2017. He was also deeply involved in a number of social welfare activities. Right from the beginning Mr Rahman was on advisor of the Foundation and a founder member of the Executive Committee of English-Speaking Union of Bangladesh. We deeply mourn his death pray for eternal rest of his soul.

যুক্তরাজ্য প্রবাসী বিশিষ্ট সাংবাদিক ও গবেষক জনাব বুলবুল হাসান স্যার উলিয়াম বেভারিজ ফাউন্ডেশান ভিজিট

গত ৮ আগস্ট ২০১৭ইং তারিখ যুক্তরাজ্যে বসবাসরত প্রবাসী বিশিষ্ট সাংবাদিক ও গবেষক, পরিচালক, সংবাদ এবং Current Affairs ভিত্তিক টেলিভিশন চ্যানেল আইওন টিভি, ইউকে-এর জনাব বুলবুল হাসান স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান অফিস ভিজিট করেন। তিনি ফাউন্ডেশানের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং কার্যক্রমের প্রশংসা করেন। পরিশেষে ফাউন্ডেশানের পক্ষ হতে কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস (অবঃ) অতিথিকে স্মারক উপহার প্রদান করেন।

Mr Bulbul Hasan, a UK based Journalist who represent iON TV in London paid a visit to the Foundation on August 8, 2017. He much appreciated our works here in Bangladesh.

জনাব এম, আবুল কাসেম- উপ-সচিব (অব:) নৌ পরিবহণ মন্ত্রণালয় ফাউন্ডেশান ভিজিট

গত ২৬ জুলাই ২০১৭ ইং তারিখে নৌপরিবহণ মন্ত্রণালয় উপ-সচিব (অব:) জনাব এম, আবুল কাসেম স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান অফিস ভিজিট করেন। তিনি ফাউন্ডেশানের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং এর ভূয়সী প্রশংসা করেন। ভবিষ্যতে তিনি ফাউন্ডেশানের কর্মকান্ডে আরও সম্পৃক্ত হবার ইচ্ছে পোষণ করেন এবং ফাউন্ডেশানে একজন শুভাকাঙ্খী হিসেবে আর্থিক সহায়তাও প্রদান করেন। ফাউন্ডেশানের পক্ষ থেকে আমরা তাঁকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

Mr M Abul Kashem, former Deputy Secretary visits SWBF

Mr. M. Abul Kashem, ex Deputy Secretary of the Government, paid a visit to the Foundation on July 26, 2017. He was introduced to all Core staff and our works-including physiotherapy services. He donated a good sum of money to the Foundation and expressed his keen desire of remain connected. We deeply appreciate his nice gesture.

Success Stories of Our Service

সেবাগ্রহণকারী ঃ মোঃ আলমগীর হোসেন (ছদ্দনাম), বয়স-৬২, তিনি ২০১৭ সালের জানুয়ারী মাসে স্ট্রোক করেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এক মাস থাকার পরে ডাক্তাররা বলেন তাঁকে বাসায় নিয়ে ফিজিওথেরাপী চিকিৎসা দিতে হবে। তাঁর পরিবার সাভার সিআরপির মাধ্যমে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের কথা জানতে পারেন। পরবর্তীতে তাঁর পরিবারের পক্ষ থেকে আমাদের হোম কেয়ার সুপারভাইজারদের সঙ্গে যোগাযোগ করা হয় এবং পরিবারের চাহিদা অনুযায়ী তার বাসায় সেবার ব্যবস্থা করেন। অবশেষে আমাদের সিসিএ এবং ফিজিওথেরাপিস্টের তত্ত্বাবধানে সেবা শুরু হয়। প্রথম দিকে আমাদের সেবা প্রদানকারী রোগীর দেহের বাম পাশটা পুরোটাই অবশ পাওয়া যায়। দীর্ঘ তিন মাসের সেবাদানে তিনি এখন সুস্থ হয়ে উঠেছেন।

Mr. M. Alamgir Hossain (not his real name) aged 62, suffered a stroke in January 2017. After about a month long treatment at Dhaka Medical Collage and Hospital, he was advised for physiotherapy. His left side was completely paralysed. After receiving three months of our care and services, he is now much improved.

সেবাগ্রহণকারী ঃ হাসিনা বানু (ছদ্দনাম), বয়স ৬০ বছর, পেশায় গৃহিনী। তিনি বিগত দশ বছর যাবৎ কোমর ব্যথায় ভুগছিলেন। কোমর ব্যথার জন্য দীর্ঘ দিন চিকিৎসা নিয়েও কোন পরিবর্তন না হওয়ায় তিনি বিদেশেও চিকিৎসা নেন। কিন্তু সময় সল্পতার কারণে দেশে ফিরে আসেন। এরপর তিনি আমাদের ফিজিওথেরাপি সেন্টার সম্পর্কে তাঁর এক আত্মীয়র মাধ্যমে অবগত হন এবং চিকিৎসা নিতে আসেন। আমাদের ফিজিওথেরাপি বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে দুই মাস চিকিৎসা নিয়ে এখন সর্ম্পূন ব্যথামুক্ত সুস্থ জীবন অতিবাহিত করছেন।

Hasina Banu (Pseudoname), aged 60 and a house wife was suffering from backache for over ten years. She took medication and treatment home and abroad but little did change in her. She came to know of our SRPD from one of her relatives and began to receive our services. After two months she in now completely free of her pain.

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের কনফারেন্স রুমে FREB মিটিং

"ফোরাম ফর দি রাইটস অব দি এল্ডারলি" বাংলাদেশ-এর উদ্যোগে গত ১৯ আগস্ট ২০১৭ ইং তারিখে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের কনফারেন্স রুমে একটি মিটিং-এর আয়োজন করা হয়। উক্ত মিটিং এ সভাপতিত্ব করেন ফোরাম ফর দি রাইটস অব দি এল্ডারলি, বাংলাদেশ এর সহ-সভাপতি ও স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস (অবঃ)। সেখানে "বিশ্ব প্রবীণ দিবস" উপলক্ষ্যে আলোচনা হয়।

Meeting of FRE,B at SWBF

A meeting of the Executive Committee of Forum for the Rights of the Elderly Bangladesh (FRE.B), was held in the Meeting Room of the Foundation on August 19, 2017. It was chained by its Senior Vice-President Major General Jiban Kanai Das (Retd). Main issues came up for discussion in the said meeting were on the observance of 'World Day of Older Persons'

আলঝাইমার'স সচেতনতা

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের কান্ট্রি ডিরেক্টর ও ডিমেনশিয়া সোসাইটির বাংলাদেশের সভাপতি মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) গত ২২ সেপ্টেম্বর ২০১৭ চ্যানেল ২৪ টিভিতে সরাসরি স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠানে যোগ দেন। বিশ্ব আলঝাইমার'স দিবস উপলক্ষে সেখানে তিনি উল্লেখ করেন যে, আলঝাইমার'স রোগীদের উপদেশ প্রদান এবং যথাযথ সেবা নিশ্চিত করতে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান সর্ব প্রথমে বাংলাদেশে হোম কেয়ার সার্ভিস চালু করেন। আর সেখানে আলঝাইমারস্ তথা ডিমেনশিয়া রোগের সেবা প্রদান করা হয়। অন্যদিকে তিনি এই রোগের ব্যাপকতা সম্পর্কেও উল্লেখ করেন। বাংলাদেশে আলঝাইমারস্ এর সচেতনতা ও ভবিষ্যতে এর প্রভাব সম্পর্কে বিভিন্ন বিষয়ে পরামর্শ এবং দর্শকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। বাংলাদেশে বর্তমানে প্রায় চার লক্ষ লোক আলঝাইমারস্ বা ডিমেনশিয়া রোগে ভুগছে এবং স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান শহরে ও গ্রামে আলঝাইমারস্ এর উপর দুইটি জরিপ করেছে এবং আলঝাইমারস্ সচেতনতা নিয়ে বিভিন্নভাবে কাজ করছে। এর ফলশ্রুতিতে বিভিন্ন পেশাজীবী মানুষ ডিমেনশিয়া বা আলঝোইমারস্ বিষয়ে দির্ক নির্দেশনা পেয়েছে এবং আমাদের ডিমেনশিয়া ডে কেয়ার সেন্টারে এসে প্রাথমিক ধারণা ও অনেকে পরামর্শ নিয়ে যাচ্ছে । উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ডাঃ সামনুন এফ তাহা, অধ্যাপক, জেরিয়াট্রিক মেডিসিন ও আলঝাইমারস্ সোসাইটির বাংলাদেশের সেক্রেটারী জনাব আজিজুল হক। অনুষ্ঠানটি সঞ্চালন করেন ডাঃ সুমি। উক্ত অনুষ্ঠানে আমাদের হেল্প লাইন নম্বর ওয়েব সাইট এর ঠিকানা (০১৭৩৩-২২২৯৯৯, www.dementiabangladesh.org) প্রদান করেন।

Programme to Celebrate World Alzheimer's Day on Channel 24

Country Director, SWBF Bangladesh as well as President of Dementia Society of Bangladesh participated into a health related talk show on 24Channel TV. This special Talk show was arranged as a part of observing World Alzhemers Day in Bangladesh where he replied and answered many questions of the participants and observers over the phone. He reiterated that in order to serve a wider masses of Alzhemers sufferers in Bangladesh, it was Sir William Beveridge Foundation which started Homecare Services for the patients, organised 3 Days International Dementia Conference in Bangladesh to propagate professional awareness about Dementia and it was attended by World renowned doctors and Physicians.He also claimed that there are over four hundred thousand Dementia Sufferers in Bangladesh. During the talk show, he informed the viewers about the logistic facilities of our Dementia Centre, Tele Helpline. To support and participate the talk show- Prof. Dr. Samnun F. Taha, Mr. Azizul Huq, Secretaryof Bangladesh Alzhemers Society were there. To support the patient and the family, Dementia website and Helpline Phone number as above were also introduced.

সম্মানিত ক্লায়েন্ট কর্তৃক ফাউন্ডেশানের হোমকেয়ার সার্ভিসে আর্থিক সহায়তা প্রদান

আমাদের সম্মানিত ক্লায়েন্ট বেগম রোকেয়া পদক প্রাপ্ত মেহের কবির, জাতীয় অধ্যাপক কবির চৌধুরীর সহধর্মনী। বার্ধক্য জনিত সমস্যার কারণে তিনি দীর্ঘদিন যাবৎ আমাদের কাজ থেকে সেবা নিয়ে আসছেন। প্রতিষ্ঠানের সেবায় সন্তুষ্ট হয়ে অধ্যাপক কবির চৌধুরীর মেয়ে শাহিন মাহবুবা কবির প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান প্রদান করেছেন। ফাউন্ডেশানের পক্ষ থেকে আমরা তার ইতিবাচক মনোভাবের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

Gracious Donation to SWBF by Ms Shahina Mahbub Kabir

Our very respected Service User and the winner of Begum Rokeya Award, Mrs. Meher Kabir, wife of National Professor Dr. Kabir Chowdhury has been receiving our homecare service since long. To mark her utmost satisfaction of our most professional service to her beloved mother- their daughter-Shahina Mahbub Kabir has recently made donation to the Foundation. We are thankful to Almighty and grateful to her for the generous gift to the Foundation. Knowing this, our Founder – Dr. Rahman Jilani has conveyed a message of gratitude to her.

বিজয় দশমীর শুভেচ্ছা

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান পরিবারের সকল স্টেকহোল্ডার, শুভান্যধায়ী, সহযোগী সংগঠন, বেভারিজ সার্ভিস ইউজার ও পরিবারসহ সকল কর্মকর্তা এবং কর্মীদের ফাউন্ডেশানের কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস (অবঃ) এবং ফাউন্ডেশানের প্রতিষ্ঠাতা এবং এক্সিকিউটিভ ডাইরেক্টর লন্ডন থেকে ড. রহমান জিলানী এর পক্ষ থেকে সকলে সার্বজনীন দুর্গা উৎসব উপলক্ষে শুভেচ্ছা জানান এবং সকলের উত্তরোত্তর সাফল্য এবং মঙ্গল কামনা করেন।

Greetings on Bijoya Dashami

On the occasion of "Sharodiyo Durga Puja" –Country Director Major General (Retd) Jiban Kanai Das and Founder & Executive Director Dr. Rahman Jilani wish all our Stakeholders, Sevice Users and their family members, Well Wishers, our beloved Care Assistants, Staff and supporting organisation –a very happy Bijoya Dashmi and best wishes.

প্রবীণবান্ধব সমাজ গড়ে তুলতে হবে গোলটেবিল বৈঠকে বক্তারা

গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ ঢাকা আহ্ছানিয়া মিশনে অনুষ্ঠিত ১লা অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে এক গোলটেবিল বৈঠকের আয়োজন করে দৈনিক আলোকিত বাংলাদেশ পত্রিকা। ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রেসিডেন্ট ও দৈনিক আলোকিত বাংলাদেশের পত্রিকার সম্পাদক কাজী রফিকুল আলমের সভাপতিত্বে গোলটেবিল বৈঠকে প্রধান অতিথি হিসেবে ছিলেন সমাজসেবা অধিদফতরের পরিচালক এ কে এম খায়রুল আলম। প্রবীণদের কল্যাণে সরকারি-বেসরকারি কর্মকান্ডের সমন্বয় থাকার তাগিদ দিয়েছে বিভিন্ন মানবাধিকার ও এনজিও কর্মীরা। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "আগামীর পথে, প্রবীণদের সাথে" এতে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের সিনিয়র কেয়ার সুপার ভাইজার ফাতেমা আক্তার অংশগ্রহণ করেন এবং ফাউন্ডেশানের পক্ষ হয়ে বক্তব্য রাখেন। ফাউন্ডেশান দীর্ঘ দিন থেকে প্রবীণদের পাশে থেকে কীভাবে সেবা দিয়ে আসছে তার প্রয়োগিক দিকগুলো তুলে ধরেন।

Round Table on Senior Citizen Friendly Society

On the 25th September, a round table meeting has been organised by "Daily Alokito Bangladesh" newspaper on the occasion observance of the International Elders Day at Dhaka Ahsania Mission. At the meeting, it was emphasised by the Human Rights and NGO workers that in order to provide a better services to Senior Citizens, all major Government and non-governmental welfare works for the elders needed to be systematically co-ordinated. Our Senior Supervisor _ Mrs. Fatma Akter has represented the foundation at the Round Table meeting and given vivid description on the various practicality of Care Services and other health provisions for elders by the Foundation since long.

প্রবাসীদের আত্মীয়-স্বজনদের হোম কেয়ার সেবায় স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান যুক্তরাজ্য ভিত্তিক একটি আন্তর্জাতিক সেবা মূলক সংস্থা। ২০০৬ সালে যুক্তরাজ্যের লন্ডন শহরে বেভারিজ ফাউন্ডেশানের যাত্রা শুরু। ঢাকা শহরের বয়োবৃদ্ধ মানুষদের কেন্দ্র করে ২০০৮ সাল থেকে বেভারিজ ফাউন্ডেশান সর্ব প্রথম হোম কেয়ার সেবা শুরু করে। আমাদের সমাজে যেসব প্রবীণ জনগোষ্ঠী জীবনের শেষ সায়াহ্নে অসহায়, অবহেলিত, দুস্থ, চলতে-ফিরতে অক্ষম, সঙ্গীহীন, একাকী তাদের এই অন্তিম যাত্রায় সামান্য স্বাস্থ্য সেবা নিশ্চিত করতেই বেভারিজ ফাউন্ডেশান হোম কেয়ার সার্ভিস। আর শুধু তাই নয়, এই সব বয়োবৃদ্ধের পাশে থেকে তাদের সুখ-দুঃখে সামিল হওয়া, সদা প্রাণবন্ত এবং হাস্যোজ্জ্বল রাখাই আমাদের কাজ। আমাদের প্রদত্ত দৈনন্দিন সেবার তালিকায় থাকে-ব্যক্তিগত সেবা, ক্লায়েন্টকে ঘিরে তার ঘরের কাজ, সামাজিক সেবা এবং স্বাস্থ্য সেবা। ফাউন্ডেশানের প্রতিষ্ঠাতা এবং কার্যনির্বাহী পরিচালক ড. রহমান জিলানী মনে করেন: "এই ধরণের প্রতিকূলতা থেকে উত্তরনের উপায় হিসেবে আমরা 'সেবা'-কে মানুষের বাড়িতে নিয়ে গেছি যাতে তাঁদের "সেবা" পাবার জন্য কোনো ধরনের কষ্ট পেতে না হয়। প্রবাসী অনেক ব্যক্তি আমাদের ওয়েব সাইট ও বিভিন্ন সামাজিক মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করে তাঁদের নিকট আত্মীয়-স্বজনদের জন্য সেবা পেতে। এমনকি নিজেরাও তাঁদের সেবার জন্য আমাদের বাংলাদেশ অফিস ঘুরে যান। প্রবাসীদের আত্মীয়-স্বজনদের সেবা পরিচালনায় বেভারিজ ফাউন্ডেশান সর্বদা সোচ্চার এবং অনেক বেশি যত্নশীল। কেননা তাঁরা বহু বছর প্রবাস জীবন যাপন করেছেন এবং দেখেছেন সেখানকার সেবা কতটা আন্তরিক হয়। আর বেভারিজ ফাউন্ডেশান সেই প্রতিরূপ সেবা প্রদান করে যাচ্ছে প্রবাসী বাঙ্গালীদের আত্মীয় স্বজনদের। বয়স্কদের সেবা প্রদান কঠিনতর হলেও সেবার মান নিয়ন্ত্রণে ফাউন্ডেশান কখনো পিছপা হয়নি। আর সেই অভিপ্রায়ে অভিজ্ঞ বৃটিশ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রাপ্ত আমাদের হোম কেয়ার কর্মীরা সম্পূর্ণ নিষ্ঠার সাথে সেবা দিয়ে যাচ্ছে। সার্ভিসের ব্যাপারে আমরা যুক্তরাজ্যের কেয়ার কোয়ালিটি কমিশনের ন্যাশনাল স্ট্যান্ডার্ড (NMS) কোড অনুসরণ করে থাকি। প্রবাসী অনেক ব্যক্তির আত্মীয়-স্বজনকে আমরা সেবা দিয়ে সুস্থ্য করে তুলেছি। যার ফলে অনেক প্রবাসী ও তাদের আত্মীয়-স্বজন আমাদের হোম কেয়ার সেবা গ্রহণ করছে।

Care of Relatives of NRBs by SWBF

Sir William Beveridge Foundation is a London based British Charity working internationally since 2006. In Bangladesh, it started its unique culturally appropriate "Home Care Services For Vulnerable Elderly Citizens in their own Home" since 2007 so that these senior citizen could be rewarded to stay with their own family members under the umbrella of the family supports while receiving proper, adequate and professional care at home by our fully trained caregivers and thus they do not feel ignored by their younger members of the family due to busy and changed life styles in the developing country. It is important to note that our "Care" consists of Personal, Domestic and Social care" Please refer to the list of care at last page. The founder of the organisation Dr. Rahman Jilani believes that we should bring the "CARE SERVICES" to the homes of the vulnerable senior citizen rather than asking the elders to come to the services and it should be run by professionally trained cargivers.It is our pleasure to say that every week we receive regular phonecalls & enquiries through emails from Non- Resident Bangladeshis (NRB) from all over the world for our Home Care Services for their beloved elders who they had to leave behind in Bangladesh. They also come and visit our Neuro-Physiotheraphy centre & charity office in Dhaka and meet the staff and Head of Operation (HOB) Major General (Retd.) Jiban Kanai Das. In any case , we try to provide the best possible Care Services including Dementia Support to our elders without compromising quality of the service where we strictly follow National Minimum Standard of Care Quality of the Care Quality Commission of the United Kingdom.

Make a Donation

Your donation brings you closer to humanity

আপনার সহৃদয় দান এক নয় একাধিক দুস্থ বয়োবৃদ্ধ মানুষের মুখে হাসি বয়ে আনতে পারে

*****

Sir William Beveridge Foundation
Account Number : 14631090002408
Prime Bank LTD.
Dhanmondi Branch, Bangladesh.

Working for a better society

Sir William Beveridge Foundation

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের সেবাসমূহঃ
Beveridge Homecare Services:

ব্যক্তিগত সেবা
- টয়লেটিং-এ সাহায্য করা
- হাঁটা-চলাতে সাহায্য করা
- খাওয়া-দাওয়া করানো
- হাত ও পায়ের নখ কেটে দেয়া
- দাঁত মেজে দেয়া
- গোসল করানো/গা স্পঞ্জ করানো
- চুল ধুয়ে মুছে আঁচড়িয়ে দেয়া
- বিছানা থেকে ওঠানো
- বিছানায় নিয়ে শোয়ানো

Personal Care
- Assist in walking/transfer
- Help in feeding (where required)
- Assist in lifting from bed and vice-versa
- Assist in Bathing, changing cloth
- Hair drying and combing
- Dressing /undressing (as advised by a Physician)
- Cutting Nails
- Help in Toileting

স্বাস্থ্য সেবা
- ফিজিওথেরাপি
- ডায়াবেটিস চেক করা
- ব্লাড প্রেসার চেক করা
- ড্রেসিং/আনড্রেসিং করা
- ক্যাথেটার পরিস্কার করা
- পেগ ফিডিং (নল দিয়ে খাওয়ানো)
- ঔষধ খাওয়াতে সাহায্য করা

Health Care
- Physiotherapy (as advised by Specialist)
- Neuro-Therapy (as advised by NP)
- Checking of Diabetes
- Checking of Blood Pressure
- Catheter Cleaning
- Nasogastric tube feeding
- Administer Medicine (as advised by Doctor)

ঘরের সেবা
- বিছানা পত্র পরিপাটি করা
- কাপড় চোপড় গুছিয়ে রাখা
- বিছানার চাদর পরিবর্তন করা
- খাবার গরম করে দেয়া
- সেবা গ্রহীতার ঘর পরিষ্কার করা

Domestic Care
- Clean and Make the bed
- Organising Clothing & Dresses
- Bed sheet changing (when required)
- Warming the food & feeding
- Cleaning room of Service User

স্পেশালাইজড কেয়ার
- ডিমেনশিয়া কেয়ার ও পরামর্শ প্রদান
- প্যালিয়েটিভ কেয়ার
- এন্ড অব লাইফ কেয়ার
- হস্‌পিস কেয়ার
- শেষ কৃত্য অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা করা

Specialised Care
- Dementia specific Care & Counseling
- Palliative Care
- End of life care
- Hospice care
- Help with Funeral Services

সামাজিক সেবা
- সেবা গ্রহনকারীকে সঙ্গ দেয়া
- পত্রিকা পড়ে শোনানো
- শপিং-এ সহযোগিতা করা
- চিকিৎসক/হাসপাতালে আনা/নেয়া করা
- গার্ডিয়ানের অবর্তমানে কনিষ্ঠ সদস্যদের দেখাশোনা করা
- কর্মস্থলে নিয়ে যাওয়া/আসা

Social Care
- Sitting Service
- Reading Books or Newspapers
- Help with Shopping
- Taking the Service User to Hospital / Physicians
- Looking after young member in the absence of Guardians
- Help and accompanying service user to go to work and return

PLEASE CONTACE TO RECEIVE OUR SERVICES:
আমাদের সেবা পেতে যোগাযোগ করুনঃ

HOMECARE: 01730057408 || 01730057407 || 01730057403 || 01730057402 || 01730057405
PHYSIOTHERAPY CARE: 01730057409 || 01730057410 || 01730057406

DEMENTIA HELPLINE: 01733222999

Our dementia service helpline is open to all.

সর্বসাধারণের জন্য আমাদের ডিমেনশিয়া হেল্পলাইন চালু আছে সার্বক্ষণিক।

Contact Dhaka Office:
52/1, New Eskaton Road, Hasan Holdings (6th floor)
Dhaka 1000, Bangladesh
hob@beveridgefoundation.org
hob@swbl@hotmail.com
www.beveridgefoundation.org
www.dementiabangladesh.org

সম্পাদনায় :
ক্ষিরোদ চন্দ্র দাস
স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান

Edited by:
Khirod Chandra Das
Sir Willium Beveridge Foundation
Working for a better society

Chair: Michael O'Keefe, Executive Director: Rahman Jilani, Ph.D. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. No 2262